গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ।
এপিএ শাখা

বিষয় : পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (এপিএ) এর অর্ধবার্ষিক ফিডব্যাক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. হুমায়রা সুলতানা,<br>অতিরিক্ত সচিব,পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভার তারিখ ও সময় | : | ২৮/০১/২০২৪ বিকাল ৩.০০ ঘটিকায়। |
| সভার স্থান | : | সভাকক্ষ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| সভায় উপস্থিতি | : | সভায় উপস্থিত কর্মকর্তাগণের নামের তালিকা (পরিশিষ্ট-ক) সদয় দ্রষ্টব্য। |

সভাপতি সভায় উপস্থিত কর্মকর্তাদের স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অত:পর তিনি এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে সভার বিষয়বস্তু উপস্থাপনের জন্য অনুরোধ জানান।

০২। এপিএ ফোকাল পয়েন্ট জানান যে, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি'তে ০৪টি কৌশলগত উদ্দেশ্য ও ১৮টি কার্যক্রম এবং ৩৭টি কর্মসম্পাদন সূচক রয়েছে। তন্মধ্যে ৮টি কর্মসম্পাদন সূচক মন্ত্রণালয়ের নিজস্ব এবং ২৮টি সূচকের সাথে আওতাধীন দপ্তর/সংস্থার সংশ্লিষ্টতা রয়েছে। অত:পর তিনি ২০২৩-২৪ অর্থ বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (এপিএ) ২য় ত্রৈমাসিক (অক্টোবর-ডিসেম্বর) বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন এবং ষান্মাসিক অগ্রগতি প্রতিবেদন উপস্থাপন করেন। যে সব সূচকের অর্জন ৫০% এর নিচে রয়েছে তা নিম্নরূপ:

| ক্র. নং | সূচকের সংখ্যা | ৫০% এর নিচে অর্জন | মন্তব্য |
|---|---|---|---|
| ১. | ৩৭টি | মোট ১২টি । তন্মধ্যে অত্র বিভাগের ৩টি এবং দপ্তর/সংস্থার ৯টি | পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ:<br>[২.২.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি (ক্রমপুঞ্জিভূত)<br>[২.৪.১] কর্মকর্তা কর্তৃক বিভিন্ন জেলা উপজেলায় চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শিত (সমষ্টি)<br>[২.৪.২] কর্মকর্তা কর্তৃক পরিদর্শিত কার্যক্রমের সুপারিশ বাস্তবায়িত (ক্রমপুঞ্জিভূত)<br>আওতাধীন দপ্তর/সংস্থা:<br>[৩.২.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণা (সমষ্টি)<br>[৩.৩.১] গবেষণা ও প্রায়োগিক গবেষণার প্রকাশিত ফলাফল (সমষ্টি)<br>[৩.৪.১] বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মিত (ক্রমপঞ্জিভূত)<br>[৩.৫.১] নতুন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটাবেইজে সন্নিবেশকৃত (ক্রমপঞ্জিভূত)<br>[৩.৫.২] পুরাতন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটাবেইজে সন্নিবেশকৃত (ক্রমপঞ্জিভূত)<br>[৪.১.২] উদ্বুদ্ধকরণ কর্মকান্ডে প্রশিক্ষিত জনবল (সমষ্টি)<br>[৪.২.১] প্রশিক্ষিত কর্মচারী,জনপ্রতিনিধি এবং এনজিওকর্মী (সমষ্টি)<br>[৪.৩.২] বিদ্যালয়গামী কিশোরীদের মাঝে বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্যসম্মত উপকরণ বিতরণকৃত (ক্রমপঞ্জিভূত)<br>[৪.৩.৩] বিদ্যালয়গামী কিশোরীদের মাঝে তাদের সঞ্চয়কৃত অর্থের দ্বিগুণ হারে প্রদত্ত সঞ্চয় প্রণোদনা (সমষ্টি) |

| কর্মসম্পাদন সূচক (২০২৩-২৪) | একক | সূচকের মান | লক্ষ্যমাত্রা | সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা | অর্জন ১ম ত্রৈমাসিক (জুলাই,২৩-সেপ্টেম্বর,২৩) | অর্জন ২য় ত্রৈমাসিক (অক্টোবর,২৩-ডিসেম্বর,২৩) | মোট অর্জন | অর্জনের হার (%) |
|---|---|---|---|---|---|---|---|---|
| [২.২.১] দ্বিপক্ষীয়/ত্রিপক্ষীয় সভায় উপস্থাপিত অডিট আপত্তি (ক্রমপুঞ্জিভূত) | % | ২ | ৬০ | পউসবি | ৪.৭৬ | ২২.৪০ | ২২.৪০ | ৩৭.৩৩ |
| [২.৪.১] কর্মকর্তা কর্তৃক বিভিন্ন জেলা উপজেলায় চলমান উন্নয়ন প্রকল্প ও সমবায় কার্যক্রম পরিদর্শিত (সমষ্টি) | সংখ্যা | ২ | ৩০ | পউসবি | ৮ | ৫ | ১৩ | ৪৩.৩৩ |
| [২.৪.২] কর্মকর্তা কর্তৃক পরিদর্শিত কার্যক্রমের সুপারিশ বাস্তবায়িত (ক্রমপুঞ্জিভূত) | % | ১ | ৯০ | পউসবি | - | ৯.৮০ | ৯.৮০ (সুপারিশ সংখ্যা-৫১ বাস্তবায়িত-৫ ) | ১০.৮৮ |
| [৩.২.১] সম্পাদিত প্রায়োগিক গবেষণা (সমষ্টি) | সংখ্যা | ২ | ২২ | বার্ড, আরডিএ,বাপার্ড | - | ১ | ১ | ৪.৫৪ |
| [৩.৩.১] গবেষণা ও প্রায়োগিক গবেষণার প্রকাশিত ফলাফল (সমষ্টি) | সংখ্যা | ২ | ৩২ | বার্ড, আরডিএ, বাপার্ড | ১ | ৩ | ৪ | ১২.৫০ |
| [৩.৪.১] বঙ্গবন্ধুর গণমুখী সমবায় ভাবনার আলোকে বঙ্গবন্ধু মডেল গ্রাম প্রতিষ্ঠা পাইলট প্রকল্পের আওতায় অবকাঠামো নির্মিত (ক্রমপঞ্জিভূত) | % | ২ | ৫০ | সমবায় অধিদপ্তর | ৫ | ২৫ | ২৫ | ৩৯.৬৮ |
| [৩.৫.১] নতুন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটাবেইজে সন্নিবেশকৃত (ক্রমপঞ্জিভূত) | % | ১ | ১০০ | সমবায়, বিআরডিবি,বার্ড, আরডিএ, পিডিবিএফ, এসএফডিএফ | ১৪.৩৩ | ২৩.৬২ | ২৩.৬২ | ২৩.৬২ |
| [৩.৫.২] পুরাতন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য ডাটাবেইজে সন্নিবেশকৃত (ক্রমপঞ্জিভূত) | % | ১ | ৪০ | সমবায়, বিআরডিবি,বার্ড, আরডিএ, পিডিবিএফ, এসএফডিএফ | ১৬.০৭ | ৮.৬৭ | ৮.৬৭ | ২১.৬৭ |
| [৪.১.২] উদ্বুদ্ধকরণ কর্মকান্ডে প্রশিক্ষিত জনবল (সমষ্টি) | সংখ্যা (লক্ষ) | ২ | ১.৮৮ | সমবায়, বিআরডিবি, আরডিএ, বাপার্ড, পিডিবিএফ, এসএফডিএফ | ০.৪৩ | ০.৪৫২৬৩ | ০.৮৮ | ৪৬.৯৫ |
| [৪.২.১] প্রশিক্ষিত কর্মচারী,জনপ্রতিনিধি এবং এনজিওকর্মী (সমষ্টি) | সংখ্যা (জন) | ২ | ৭২৫০ | বার্ড,আরডিএ, বাপার্ড, পিডিবিএফ, এসএফডিএফ | ১৩৩৯ | ২০৩৬ | ৩৩৭৫ | ৪৬.৫৫ |
| [৪.৩.২] বিদ্যালয়গামী কিশোরীদের মাঝে বয়ঃসন্ধিকালীন স্বাস্থ্যসম্মত উপকরণ বিতরণকৃত (ক্রমপঞ্জিভূত) | তারিখ | ২ | ১১৮০০ | বিআরডিবি | ৩৮০০ | - | ৩৮০০ | ৩২.২০ |
| [৪.৩.৩] বিদ্যালয়গামী কিশোরীদের মাঝে তাদের সঞ্চয়কৃত অর্থের দ্বিগুণ হারে প্রদত্ত সঞ্চয় প্রণোদনা (সমষ্টি) | টাকা (কোটি) | ২ | ৫.৬৬ | বিআরডিবি | ০.৫৮৮৬ | - | ০.৫৮৮৬ | ১০.৪০ |

০৩। সভায় জানানো হয় যে, সূচক [৩.২.১] এ বাংলাদেশ পল্লী উন্নয়ন একাডেমি (বার্ড) ২য় প্রান্তিকে ৪টি প্রায়োগিক গবেষণা সম্পন্ন করেছে। পরবর্তিতে বার্ড জানায় যে, ভুল তথ্য ও ভুল প্রমাণক দাখিল করা হয়েছে। বার্ডের ফোকাল পয়েন্ট বিষয়টি সংশোধন করে ২য় প্রান্তিকে ০১ টি প্রায়োগিক গবেষণা দেখানোর অনুরোধ জানান। সভাপতি এবিষয়ে অসন্তোষ প্রকাশ করে বলেন এপিএ ফোকাল পয়েন্ট কর্মকর্তার আন্তরিকতার ঘাটতির জন্য এধরনের সমস্যার উদ্ভব হতে পারে। এধরনের ভুল কাঙ্খিত নয় মর্মে জানিয়ে তিনি সংশ্লিষ্ট সকলকে এবিষয়ে সতর্ক হতে নির্দেশনা প্রদান করেন। এছাড়া কর্মসম্পাদন সূচক [৩.৫.১] এবং [৩.৫.২] এর গণনা পদ্ধতি ক্রমপুঞ্জিভূত থাকায় প্রতিটি দপ্তর/সংস্থার অর্জন গড় করে ক্রমপুঞ্জিভূত হিসেবে হিসাব করার বিষয়েও সভায় একমত প্রকাশ করা হয়।

০৪। সভাকে অবহিত করা হয় যে, ইনট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্মের আইডি পাসওয়ার্ড না পাওয়ার কারণে তারা তাদের সুফল ভোগীদের তথ্য ঐ প্লাটফর্মে আপলোড করতে পারছেন না। এ বিভাগের সিস্টেম এনালিস্ট জনাব মোনায়েম উদ্দিন সভাকে অবহিত করেন যে, ইনট্রিগ্রেটর ডিজিটাল সার্ভিস প্লাটফর্মের আওতাভূক্ত দপ্তর/সংস্থা সমূহের মধ্যে বিআরডিবি'র আওতাধীন ৪টি উপজেলা, পিডিবিএফ এর আওতাধীন একটি এলাকা এবং সমবায় অধিদপ্তরের পাইলটিং এর কাজ চলমান রয়েছে। এই পাইলটিং এর কাজ সম্পন্ন হলে নতুন সুফল ভোগীদের ১০০% এবং পুরাতন সুফল ভোগীদের ৪০% ডাটা প্লাটফর্মে আপলোড করা সম্ভব হবে।

০৫। সভাপতি বলেন, এপিএ প্রণয়নের সময় সমবায় অধিদপ্তর, বিআরডিবি, বার্ড, আরডিএ, বাপার্ড, পিডিবিএফ এবং এসএফডিএফ এই ৭টি প্রতিষ্ঠান হতে ২০২৩-২৪ অর্থবছরে প্রদত্ত ঋণের নতুন সুফল ভোগীদের ১০০% এবং পূর্বের বছরগুলোতে প্রদত্ত ঋণের পুরাতন সুফল ভোগীদের ৪০% ইনট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্মে আপলোড করার লক্ষ্যমাত্রা নির্ধারণ করা হয়। এই সার্ভিসটি কতটি অফিসে পাইলটিং করা হয়েছে তা এক্ষেত্রে বিবেচ্য নয়। সিস্টেম এনালিস্ট এর এই বক্তব্য এই সূচকের উদ্দেশ্য বাস্তবায়ন কে বাধাগ্রস্ত করবে।

০৬। এই সূচকের লক্ষ্যমাত্রা অর্জনের নিমিত্ত সংশ্লিষ্ট সকল দপ্তর/সংস্থায় নিজস্ব কম্পিউটারের এক্সেলশীটে নতুন ও পুরাতন সুফল ভোগীদের তথ্য এন্ট্রি করে সংরক্ষণ করার জন্য সভাপতি পরামর্শ দেন। প্লাটফর্মটি কার্যকর হলে এই তথ্য সমূহ পরবর্তীতে ঐ প্লাটফর্মে আপলোড করা হলে সূচকটি বাস্তবায়ন করা সম্ভব হবে কিনা সে বিষয়ে তিনি সভায় মতামত জানতে চান। সে পরিপ্রেক্ষিতে উপস্থিত সকলেই এ বিষয়ে একমত প্রকাশ করেন। তবে তারা ইনট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্মের সাথে সামঞ্জস্য রেখে সকল দপ্তর/সংস্থার জন্য অভিন্ন একটি ডাটাএন্ট্রি শীট প্রদানের জন্য এবং দ্রুততম সময়ে ইনট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্মের আইডি-পাসওয়ার্ড প্রদানের অনুরোধ জানান।

০৭। পরিশেষে সভায় সর্বসম্মতিক্রমে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:-

| ক্র. নং | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|
| ক) | যে সকল সূচকের ষান্মসিক অর্জন ৫০% এর কম সেসকল সূচক অর্জনের বিষয়ে বিশেষ যত্নবান হতে হবে। | সকল দপ্তর/সংস্থা |
| খ) | এ বিভাগের কর্মকর্তা কর্তৃক পরিদর্শিত কার্যক্রমের সুপারিশ বাস্তবায়নে দপ্তর/সংস্থার প্রধাণগণকে সচেষ্ট থাকতে হবে; এবিষয়ে এপিএ টিম লিডার আগামী এক (০১) মাসের মধ্যে একটি সভা করে বাস্তবায়ন অগ্রগতি পর্যবেক্ষণ করে এ বিভাগ-কে অবহিত করবেন। | সকল দপ্তর/সংস্থার এপিএ টিম লিডার |
| গ) | বার্ডের সম্পাদিত প্রায়োগিক গবেষণার সংখ্যা সংশোধন করে ২য় প্রান্তিকে ১টি হিসেবে এন্ট্রি দিতে হবে এবং অবশিষ্ট লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জনের জন্য মহাপরিচালক, বার্ড, আরডিএ এবং বাপার্ড সতর্ক থাকবেন এবং নিয়মিত মনিটরিং করবেন। | মহাপরিচালক, বার্ড |
| ঘ) | নতুন ও পুরাতন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য এক্সেলশীটে এন্ট্রি করার নিমিত্ত ইনট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্মের সাথে সামঞ্জস্য রেখে সকল দপ্তর/সংস্থার জন্য অভিন্ন একটি ডাটা এন্ট্রি শীট আগামী ৭ দিনের মধ্যে প্রনয়ন করে সংশ্লিষ্ট দপ্তর/সংস্থায় প্রেরণ নিশ্চিত করতে হবে। | জনাব মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী, সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |

| | | |
|---|---|---|
| ঙ) | সকল দপ্তর/সংস্থা প্রাপ্ত অভিন্ন ডাটাএন্ট্রি শীটে কর্মসম্পাদন সূচক [৩.৫.১] এবং [৩.৫.২] অনুযায়ী নতুন ও পুরাতন সুফলভোগীদের ঋণ ও সঞ্চয়ের তথ্য নিয়মিতভাবে এন্ট্রি প্রদান করে সংরক্ষণ করবেন এবং এই দুটি সূচকের লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হবেন। | এপিএ ফোকাল পয়েন্ট সকল দপ্তর/সংস্থা |
| চ) | নির্ধারিত সময়ের মধ্যে সকল দপ্তর/সংস্থাকে ইনট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্মের আইডি ও পাসওয়ার্ড প্রদান করতে হবে। এ বিষয়ে উদ্ভুত সকল সমস্যা সমাধানে এ বিভাগের সিস্টেম এনালিস্ট প্রয়োজনীয় সহযোগীতা করবেন। | জনাব মোঃ মোনায়েম উদ্দিন চৌধুরী, সিস্টেম এনালিস্ট, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ। |
| ছ) | ২০২৩-২৪ অর্থ-বছরে প্রদত্ত ঋণের সকল নতুন সুফলভোগীদের ১০০% এবং পূর্বের বছরগুলোতে প্রদত্ত পুরাতন সুফলভোগীদের ৪০% ইনট্রিগ্রেটেড ডিজিটাল সার্ভিস প্লাটফর্মে আপলোড করতে হবে বিধায় সে বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য দপ্তর/সংস্থার প্রধানগণকে অবহিত করতে হবে। | সকল দপ্তর/সংস্থার প্রধান |
| জ) | কর্মসম্পাদন সূচক [৩.৫.১] এবং [৩.৫.২] এর গণনা পদ্ধতি ক্রমপুঞ্জিভূত থাকায় প্রতিটি দপ্তর/সংস্থার অর্জন গড় করে ক্রমপুঞ্জিভূত হিসেবে সফট্ওয়্যারে আপলোড করতে হবে। | সকল দপ্তর/সংস্থা |

০৮। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০।০১।২০২৪

(ড. হুমায়রা সুলতানা)
অতিরিক্ত সচিব (পরি: ও উন্ন:) ও
এপিএ টিম প্রধান
পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ